রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia-Jhenaidah, Bangladesh
Phone : +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX : +88-02477786710-02477786715/2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ২৭/শিক্ষা/ইবি-২০২৬/২১
Ref. No.

তারিখ : ১৫/০২/২০২৬
Date:

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১২/০১/২০২৬ তারিখে অনুষ্ঠিত ১৩২তম একাডেমিক কাউন্সিল সভার প্রস্তাব ও সিদ্ধান্ত-১৪ এবং গত ৩০/০১/২০২৬ তারিখে অনুষ্ঠিত ২৭২তম সিন্ডিকেট সভার অনুমোদন মোতাবেক ইসলামী বিশ্ববিদ্যালয় পিএইচডি ফেলোশীপ (IU PhD Fellowship) নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় ভাইস চ্যান্সেলর সদয় অনুমোদন দিয়েছেন। নীতিমালা মোতাবেক ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ হতে পূর্ণকালীন পিএইচডি প্রোগ্রামে ভর্তিকৃত দেশী গবেষকদের মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে এবং বিদেশী গবেষকদের মাসিক ২০০ (দুইশত) ইউএস ডলার হারে গবেষণা বৃত্তি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে, অর্থ প্রাপ্তি সাপেক্ষে এই বৃত্তির পরিমান কম/বেশী হতে পারে।

M. Haque
15.02.2026
(প্রফেসর ড. মোঃ মনজুরুল হক)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া

সূত্র নং-২৭/শিক্ষা/ইবি-২০২৬/২১
তারিখ: ১৫/০২/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১। ডীন,..অনুষদ, ইবি।

২। পরিচালক (আই.আই.ই,আর), ইবি।

৩। সভাপতি,..বিভাগ, ইবি।

৪। প্রভোস্ট,.. হল, ইবি।

৫। হিসাব পরিচালক(ভারপ্রাপ্ত), ইবি।
৬। পরিচালক, আই.সি.টি সেল, ইবি। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৭। পরিচালক (ভারপ্রাপ্ত), তথ্য প্রকাশনা ও জনসংযোগ অফিস, ইবি। (বিজ্ঞপ্তিটি প্রেস রিলিজ আকারে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৮। পিএস টু ভাইস-চ্যান্সেলর, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
৯। পিএস টু প্রো-ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
১০। পিএস টু ট্রেজারার, ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
১১। উপ-রেজিস্ট্রার (এ্যাঃ টু-রেজিঃ) রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য, ইবি।
১২। নথি।

১৫/০২/২০২৬
(মো: বদিউজজামান)
উপ-রেজিস্ট্রার (শিক্ষা)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-৭০০৩

সংযুক্তি - ১৪
AC-১৬২ তম সভা

ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-৭০০৩, বাংলাদেশ

ইসলামী বিশ্ববিদ্যালয় পিএইচডি ফেলোশীপ (IU PhD Fellowship) নীতিমালা

০১। ফেলোশীপের নামকরণ:

প্রস্তাবিত ফেলোশীপ প্রোগ্রামটি ইসলামী বিশ্ববিদ্যালয় পিএইচডি ফেলোশীপ (ইবি পিএইচডি ফেলোশীপ/ IU PhD Fellowship) হিসেবে নামকরণ হবে।

০২। প্রার্থী সংখ্যা নির্ধারণ:

ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রতি শিক্ষাবর্ষে পিএইচডি ভর্তি নীতিমালা অনুযায়ী ভর্তিকৃত নির্দিষ্ট সংখ্যক দেশী/বিদেশী পিএইচডি গবেষককে পিএইচডি ফেলোশীপের জন্য প্রার্থী সংখ্যা ঘোষণা করবে এবং বিজ্ঞপ্তিতে বিভাগ ভিত্তিক প্রার্থী সংখ্যা উল্লেখ করা হবে। প্রতি বছর তহবিল প্রাপ্তির ভিত্তিতে এ সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।

০৩। ফেলোশীপ প্রোগ্রামে আবেদনের যোগ্যতা:

যে সকল পিএইচডি গবেষক/শিক্ষার্থী ইসলামী বিশ্ববিদ্যালয়ের পিএইচডি ভর্তির নীতিমালা অনুযায়ী পূর্ণকালীন পিএইচডি গবেষক হিসেবে ভর্তি হয়েছেন মর্মে প্রতীয়মান হবেন, কেবলমাত্র সে সকল পিএইচডি গবেষকগণ ইসলামী বিশ্ববিদ্যালয় পিএইচডি ফেলোশীপ (IU PhD Fellowship)-এর জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

৪। ফেলোশীপ মূল্যায়ন কমিটি:

ইসলামী বিশ্ববিদ্যালয় পিএইচডি ফেলোশীপ (IU PhD Fellowship) মূল্যায়ন কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে:

০১। মাননীয় ভাইস চ্যান্সেলর, ইবি.......................... সভাপতি
০২। মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর, ইবি...................... সদস্য
০৩। মাননীয় ট্রেজারার, ইবি.................................. সদস্য
০৪। সকল ডিন, ইবি.. সদস্য
০৫। উপ-রেজিস্ট্রার (শিক্ষা) .... সদস্য-সচিব

০৫। ফেলোশীপ আবেদন সংক্রান্ত শর্তাবলী:

(i) ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত যে সকল পিএইচডি গবেষক পিএইচডি ফেলোশীপের জন্য আবেদন করবেন সে সকল গবেষকদের তাদের সুপারভাইজার প্যানেলের সম্মতিক্রমে ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তির বিপরীতে এবং পিএইচডি রিসার্স প্রপোজালের আওতায় ফেলোশীপের জন্য আবেদন করতে হবে। এ ক্ষেত্রে পিএইচডি সুপাভাইজারকে এ মর্মে নিশ্চিত করতে হবে যে উক্ত গবেষক/ছাত্র-ছাত্রী অন্য কোনো উৎস থেকে ফেলোশীপের জন্য মনোনীত হননি।

(ii) যেহেতু এটি একটি কম্পিটিটিভ রিসার্চ ফেলোশীপ স্কিম, তাই ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্ধারিত নীতিমালা এবং একাডেমিক শাখার/রিসার্চ সেলের ফান্ড থাকা সাপেক্ষে প্রতি শিক্ষাবর্ষের জন্য ফেলোশীপের সংখ্যা ও পরিমান পরিবর্তন হতে পারে।

(iii) প্রফেশনাল পার্সন (একাডেমিশিয়ান, সরকারী কর্মকর্তা, বেসরকারী অর্গানাইজেশনের কর্মকর্তা এবং অন্যান্য) সহ সকল আবেদনকারীদের অতীতের চাকুরীকালীন অভিজ্ঞতার সাথে তার শিক্ষাগত যোগ্যতা, রিসার্চের অভিজ্ঞতা এবং পাবলিকেশনের পূর্ব প্রমানাদির সাথে প্রস্তাবনার গুণগতমান বিবেচনায় নিয়ে ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত প্রক্রিয়ায় মেধাক্রমের ভিত্তিতে ফেলোশীপের ক্রম ঠিক করে ফেলোশীপ প্রদান করা হবে।

(iv) ইসলামী বিশ্ববিদ্যালয় পিএইচডি ফেলোশীপ (IU PhD Fellowship)-এর মেয়াদ সর্বোচ্চ ৩ (তিন) বছর হবে। এই নির্দিষ্ট সময়সীমার মধ্যে পিএইচডি সম্পূর্ণ করতে না পারলে অতিরিক্ত সময়ের জন্য (যা বিশ্ববিদ্যালয়ের পিএইচডি নীতিমাল কর্তৃক অনুমোদিত) কোনো ফেলোশীপ প্রদান করা হবে না।

(v) একজন পিএইচডি গবেষককে মাসিক ১০,০০০/= (দশ হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। তবে, বিদেশী শিক্ষার্থীকে মাসিক ২০০ (দুইশত) ইউএস ডলার বা সমপরিমান বাংলাদেশী টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। দেশের অর্থনৈতিক অবস্থা বিবেচনায় নিয়ে এবং বিশ্ববিদ্যালয়ে মঞ্জুরী কমিশন কর্তৃক প্রতি বছর প্রদেয় বাজেটকে পর্যালোচনা করে ফেলোশীপ কমিটি প্রদেয় অর্থের পরিমান পুন:নির্ধারন করতে পারবে।

(vi) পূর্ণকালীন পিএইচডি গবেষক শুধুমাত্র শিক্ষা ছুটিকালীন সময়ের জন্য ফেলোশীপের জন্য বিবেচিত হবেন।

(vii) একই সময়ে কোনো পিএইচডি গবেষক একাধিক গবেষণা অনুদান থেকে ফেলোশীপ গ্রহণ করতে পারবেন না। এখানে গবেষণা অনুদান বলতে সুপাভাইজারের প্রজেক্ট অনুদান, Sandwich Program Research Grant, সরকারী গবেষণা অনুদান, বেসরকারী গবেষণা অনুদান এবং বিদেশী সংস্থা হতে প্রদেয় গবেষণা অনুদান ইত্যাদিকে বোঝানো হয়ে থাকবে।

(viii) ইসলামী বিশ্ববিদ্যালয় পিএইচডি ফেলোশীপ (IU PhD Fellowship) বৃত্তি গ্রহনের পর অন্য কোনো উৎস থেকে গবেষণা সহায়তা বা বৃত্তি প্রাপ্ত হলে ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত পিএইচডি ফেলোশীপের (IU PhD Fellowship) আওতায় গৃহিত সমুদয় অর্থ ফেরত দিতে হবে।

(ix) কোনো পিএইচডি গবেষক ডিগ্রি অসম্পূর্ণ রেখে চলে গেলে (চাকুরিরত বা চাকুরি ছাড়া) এবং ফেলোশীপ চলাকালীন কোনো চাকুরিতে যোগদান করলে তাঁকে ফেলো হিসেবে গৃহিত সম্পূর্ণ অর্থ ফেরত প্রদান করতে হবে।

(x) যেহেতু এটি একটি প্রতিযোগিতামূলক অনুদান, ফেলোশীপ প্রাপ্তদের পরবর্তী অর্থববছরের ফেলোশীপের জন্য নিম্নবর্ণিত শর্ত পূরণ করতে হবে। কোনো ফেলো শর্তপূরণে ব্যর্থ হলে তাঁর ফেলোশীপ পরবর্তী অর্থবছরের জন্য বিবেচিত হবে না।

শর্তঃ ফেলোশীপ প্রাপ্তদের ২য় বছরের ফেলোশীপের জন্য ১ম বছর Course Work পরীক্ষায় অংশগ্রহন করে সিজিপিএ ৪.০০ এর মধ্যে কমপক্ষে সিজিপিএ ৩.৫০ পেতে হবে। ৩য় বছরের ফেলোশীপের জন্য ২য় বছরে কমপক্ষে ১টি সেমিনার ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের পিএইচডি অর্ডিন্যান্সে উল্লেখিত নির্ধারিত জার্নাল (Clarivate Analytics/Thomson Reuters/ Web of Science/ Science Citation Index Expanded/Science Citation Index/ Web of Science Emerging Source Citatin Index/IEEE/ Arts and Humanities Index/ Social Sciences Citation Index/ The ATLA Regigion Database/ Arabic Citation Index (ARCI/ABDC/ Scopus)-এ ১টি গবেষণা আর্টিক্যাল প্রকাশিত হতে হবে। উল্লেখ্য, গবেষণা আর্টিক্যালটি Q-1/Q-2/Q-3/ সমমান জার্নালে প্রকাশিত হলে গবেষক পিএইচডি ফেলোশীপ ফান্ড থেকে অতিরিক্ত ১০,০০০/= (দশ হাজার) টাকা বরাদ্দ পাবেন।

(xi) প্রত্যেক নির্বাচিত ফেলো তাঁর থিসিস বাইন্ডিংসহ আনুসঙ্গিক ব্যয় নির্বাহের জন্য চূড়ান্ত বর্ষে ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা করে বরাদ্দ পাবেন। এ ক্ষেত্রে থিসিসটি মূল্যায়নের জন্য জমা হয়েছে মর্মে প্রতীয়মান হতে হবে।

৬। এই নীতিমালা পরিবর্তন/সংশোধন/পরিমার্জনের অধিকার ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

ইসলামী বিশ্ববিদ্যালয় পিএইচডি ফেলোশীপ (IU PhD Fellowship) নীতিমালা প্রনয়ন কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর ও তারিখ
১.	প্রফেসর ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম ট্রেজারার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া	আহ্বায়ক	[signature]
২.	প্রফেসর ড. মোঃ সেকেন্দার আলী ডীন, ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদ, ইবি	সদস্য	[signature]
৩.	প্রফেসর ড. মোঃ এমতাজ হোসেন ডিন, কলা অনুষদ, ইবি	সদস্য	
৪.	প্রফেসর ড. বেগম রোকসানা মিলি ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ, ইবি	সদস্য	
৫.	প্রফেসর ড. মোঃ মনজুরুল হক ডিন, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ, ইবি	সদস্য	M. Haque 19.11.25
৬.	জনাব এস এম সাদৎ হোসেন উপ-রেজিস্ট্রার (শিক্ষা), ইবি	সদস্য-সচিব	19.11.25